50

দৈনিক বাংলা

তারিখ 02 FEB 1997
পৃষ্ঠা ... কলাম ...

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# এবারও ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে কয়েক হাজার ছাত্র-ছাত্রী

কামরুজ্জামান কোরবান ।। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এবারো কয়েক হাজার ছাত্রছাত্রী ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। উচ্চ শিক্ষার সুযোগ না পেয়ে এ সমস্ত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মধ্যে চরম হতাশা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তিতে আবেদনের যোগ্যতা হিসেবে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাসের বিষয় উল্লেখ থাকে। সমমান বলতে এখানে শুধুমাত্র আলিম এবং ডিপ্লোমা-ইন-কমার্সকে বুঝানো হয়ে থাকে। কিন্তু একই যোগ্যতা থাকা সত্ত্বেও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাস করা কয়েক হাজার শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারছেন না। ডিপ্লোমা-ইন-কমার্স এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং– উভয় কোর্সের শিক্ষার্থীরাই এসএসসি পাসের পর তিন বছরের কোর্স সম্পন্ন করে থাকে। এ ক্ষেত্রে উভয় ডিপ্লোমার একাডেমিক যোগ্যতা ও ক্যাটাগরী সমান হওয়া সত্ত্বেও ভর্তির ক্ষেত্রে ডিপ্লোমা-ইন-কমার্সকে সুযোগ দেয়া হলেও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-কে বাদ দেয়া হচ্ছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের বিভিন্ন ব্যক্তির সাথে আলাপ করা হলে তারা উভয় ডিপ্লোমাকেই ভর্তির সুযোগ দেয়ার পক্ষে মত ব্যক্ত করেন। কিন্তু কোন যুক্তিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এর শিক্ষার্থীদের ভর্তির সুযোগ দেয়া হচ্ছে না, তা অবশ্য তারা বলতে পারেননি।

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাসের পর এই কোর্সের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার সুযোগ অত্যন্ত নগণ্য। গাজীপুরস্থ উচ্চতর প্রতিষ্ঠানই তাদের একমাত্র অবলম্বন। কিন্তু সেখানে আসনসংখ্যা মাত্র ৪০টি। কিন্তু প্রতিবছর প্রায় ৪/৫ হাজার শিক্ষার্থী ডিপ্লোমা পাস করে থাকে। এই বিরাট সংখ্যক শিক্ষার্থী উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ বিষয়সমূহ বিবেচনা করে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাস শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ দেয়া উচিত বলে অভিজ্ঞ মহল মনে করে।